# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ছিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৪৪৫) সাওমে বিছাল কাকে বলে? এটা কি শরী‘আত সম্মত?

উত্তর: সাওমে বিসাল বা অবিচ্ছিন্ন সিয়াম হচ্ছে, ইফতার না করে দু’দিন একাধারে সাওম রাখা। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরকম সাওম রাখতে নিষেধ করেছেন। আর বলেছেন, কেউ যদি অবিচ্ছিন্ন করতে চায়, তবে শেষ রাতে সাহুরের সময় পর্যন্ত মিলিত করতে পারে।”[1] সাহুর পর্যন্ত সাওমকে অবিচ্ছিন্ন করণ জায়েয, সুন্নাত নয়; কোনো ফযীলতপূর্ণ কাজও নয়। কেননা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূর্যাস্তের সাথে সাথে ইফতার করাকে কল্যাণের কাজ বলে উল্লেখ করেছেন। তিনি বলেন,

«لا يَزَالُ النَّاسُ بِخَيْرٍ مَا عَجَّلُوا الْفِطْرَ»

“মানুষ ততদিন কল্যাণের মাঝে থাকবে, যতদিন তারা দ্রুত ইফতার করবে।”[2] কিন্তু সাহুরের সময় পর্যন্ত সাওমকে চালিয়ে যাওয়া বৈধ করেছেন। লোকেরা যখন বলল, হে আল্লাহর রাসূল! আপনি তো ইফতার না করেই সাওম চালিয়ে যান? তিনি বললেন, “আমার অবস্থা তোমাদের মত নয়, আমাকে আমার রব খাওয়ান ও পান করান।”[3]

## ফুটনোট

[1] সহীহ বুখারী, অধ্যায়: সিয়াম, অনুচ্ছেদ: সাহুরের সময় পর্যন্ত সিয়াম মিলিত করা।

[2] সহীহ বুখারী, অধ্যায়: সিয়াম, অনুচ্ছেদ: দ্রুত ইফতার করা; সহীহ মুসলিম, অধ্যায়: সিয়াম, অনুচ্ছেদ: সাহুর খাওয়ার ফযীলত।

[3] সহীহ বুখারী, অধ্যায়: সিয়াম, অনুচ্ছেদ: সাহুর খাওয়ার বরকত; কিন্তু সাহুর খাওয়া ওয়াজিব নয় সহীহ মুসলিম, অধ্যায়: সিয়াম, অনুচ্ছেদ: মিলিতভাবে সিয়াম রাখা নিষেধ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1119

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন